

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
কাপাসিয়া, গাজীপুর।

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যক্রমের আলোচনা/মতবিনিময় সভার কার্যাবলী।

সভাপতিঃ-জনাব মোঃ আসাদুজ্জামান  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।  
তারিখঃ ০৫/০১/২০২২ইং  
সময়ঃ-সকাল ১০.০০ ঘটিকা  
স্থানঃ- উপজেলা প্রাণিসম্পদ দপ্তর হলরুম, কাপাসিয়া, গাজীপুর।

সভায় উপস্থিত কর্মকর্তা/জনপ্রতিনিধিদের স্বাক্ষরিত নামের তালিকা পরিশিষ্ট 'ক'তে উল্লেখ করা হলো।


উপস্থিত সকল কর্মকর্তা/জনপ্রতিনিধিদেরকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি প্রাণিসম্পদ বিভাগের নিম্নবর্ণিত প্রস্তাবনাসমূহ নিয়ে আলোকপাত করেন।

১। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কাপাসিয়া, গাজীপুর এর ক্যাম্পাসের চারদিকের বাউন্ডারীওয়াল ও মেইনগেট মেরামত করা জরুরী প্রয়োজন। মেইন রাস্তা সম্প্রসারণ হওয়ার ফলে বর্তমান গেটটি খোলা এবং বন্ধ করা যাচ্ছে না। মেইন গেটটি অনেক পুরাতন হওয়ায় পিলারে প্লাস্টার খসে পড়েছে। তা-ছাড়া ক্যাম্পাসের চার পার্শ্বের বাউন্ডারীওয়ালটি একেজো অবস্থায় আছে, যাহা নিরাপত্তার জন্য মেরামত করা জরুরী প্রয়োজন। এ ব্যাপারে উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল দ্বারা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

২। কাপাসিয়া উপজেলায় বে-সরকারীভাবে বিপুল সংখ্যক পোল্ট্রি ফার্ম স্থাপিত হয়েছে। পোল্ট্রি খামারে বায়োসিকিউরিটি ও জৈব নিরাপত্তার জন্য জীবানুনাশক ঔষধ জরুরী প্রয়োজন। পোল্ট্রি খামারীদের সহায়তার জন্য উপজেলা পরিষদের উন্নয়ন সহায়ক তহবিল হতে জীবানুনাশক ঔষধ ক্রয় করার নিমিত্তে সভায় বিস্তারিত আলোকপাত করা হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

৩। কাপাসিয়া উপজেলায় চারণ ভূমি দিন দিন হ্রাস পাওয়ায় গবাদি পশুর গো-খাদ্যের সংকট হচ্ছে। গো-খাদ্য উৎপাদনের জন্য সরকারী বড় বড় রাস্তা দুই পার্শ্ব/সরকারী বেসরকারী পতিত জায়গায় উন্নত জাতের স্থায়ী ঘাস চাষের ব্যবস্থা গ্রহণ করণ প্রসঙ্গে সভায় আলোকপাত করা হয়। বিশেষ করে ইউনিয়ন পর্যায়ে বড় বড় রাস্তার দুইপার্শ্ব এবং পতিত জায়গায় খামারী ও সাধারণ কৃষক নিজ নিজ এলাকায় ঘাস চাষ করনের বিষয়ে আলোচনা হয়। সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দকে এ ব্যাপারে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৫/০১/২২ইং

(মোঃ আসাদুজ্জামান)

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

তারিখ-০৫/০১/২০২২ইং

স্মারক নং-৩৩.০১.৩৩৩৬.০০০.০০.০০০.২১. ৫২৪


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ


১। উপজেলা নির্বাহী অফিসার, কাপাসিয়া, গাজীপুর।

২-৭। -----সদস্য, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কমিটি,

উপজেলা কাপাসিয়া, জেলা-গাজীপুর।

৮। অফিস কপি।

  
০৫/০১/২২  
(ডাঃ রাশেদুজ্জামান মিস্ত্রী)  
উপজেলা প্রাণিসম্পদ অফিসার  
কাপাসিয়া, গাজীপুর।

  
০৫/০১/২২